অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস সাবওয়ে নিরাপদ রাখতে এবং ট্রানজিট অপরাধ সমাধান করতে বড় পদক্ষেপের ঘোষণা করলেন, যা চলমান স্টেট ও সিটির সহযোগের অনুবর্তী

NYPD এবং MTA পুলিশ প্ল্যাটফর্ম ও ট্রেনে অফিসারদের উপস্থিতি প্রতিদিন আনুমানিক 1,200 ওভারটাইম শিফট দ্বারা বৃদ্ধি করবে, অফিসারেরা ব্যস্ততম সময়ে 300টির বেশি স্টেশনে উপস্থিত থাকবে

মনোরোগ-সংক্রান্ত কেন্দ্রসমূহে নতুন, নিবেদিত ইউনিট সড়ক ও সাবওয়ের মারাত্মক মানসিক অসুস্থতাসহ গৃহহীন জনগোষ্ঠীর ব্যাপারে কাজ করবে

MTA পুলিশ, NYPD, EMS/EMT-র জন্য গৃহহীন জনগোষ্ঠীর ব্যাপারে জড়িত হওয়ার সেরা অনুশীলন, মনোরোগ-সংক্রান্ত মূল্যায়নের প্রয়োজন আছে এমন ব্যক্তি পরিবহনের কর্তৃত্বের সম্পর্কে নতুন প্রশিক্ষণ

নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক সিটি সাবওয়েকে নিরাপদ রাখতে ও ট্রানজিট অপরাধ সমাধান করতে বিস্তৃত উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উদ্যোগসমূহের মধ্যে রয়েছে স্টেটের সরকারি জরুরি তহবিল থেকে একটি উল্লেখযোগ্য বিনিয়োগ এবং সাবওয়ে সিস্টেমে অতিরিক্ত পুলিশের উপস্থিতির সমর্থনে একটি নিবেদিত রাজস্বের উৎস ঠিক করতে সিটির সাথে কাজ করার একটি প্রতিশ্রুতি। নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York City Police Department, NYPD) এবং মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) সাবওয়েতে প্ল্যাটফর্মে অফিসারদের উপস্থিতি প্রতিদিন আনুমানিক 1,200 ওভারটাইম শিফট দ্বারা বৃদ্ধি করবে, অর্থাৎ প্রতিদিন অতিরিক্ত আনুমানিক 10,000 টহল ঘণ্টা, এবং একইসাথে মারাত্মক মানসিক অসুস্থতার মধ্যে দিয়ে যাচ্ছে এমন ব্যক্তিদের তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করার জন্য মনোরোগ-সংক্রান্ত কেন্দ্রসমূহে দুইটি নতুন নিবেদিত ইউনিট।

"গভর্নর হিসেবে আমার এক নম্বর অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়িতে, স্কুলে, এবং সাবওয়েতে নিরাপদ রাখা, এবং আমরা আমাদের সাবওয়েকে যাত্রীর জন্য নিরাপদ করতে যা যা করা প্রয়োজন তার সবকিছুই করবো," **গভর্নর হোকল বলেন।** "আমাদের পুলিশ, ক্যামেরা ও চিকিৎসার (Cops, Cameras, and Care) বিস্তৃত সাবওয়ে নিরাপত্তা কৌশল

সাবওয়ের অপরাধ কমাবে, গৃহহীনতায় ভুগতে থাকা মানুষকে সিস্টেম থেকে বের হওয়ার জনই প্রয়োজনীয় সমর্থন প্রদান করবে, যাত্রীদের উদ্বেগ দূর করবে যাতে নিশ্চিত করা যায় যে পুরো সাবওয়ে সিস্টেমে নিউ ইয়র্কবাসীরা নিরাপদ বোধ করবে। সিটির সাথে চলমান সহযোগের উপর ভিত্তি করে, আমরা মেয়র ও NYPD-র সাথে হাতে হাত মিলিয়ে কাজ করে যাবো যাতে নিউ ইয়র্কবাসীদের তাদের প্রাপ্য নিরাপত্তা ও সুরক্ষা প্রদান করতে পারি।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "এই প্রচেষ্টাটি এমন দুইটি ব্যাপারে সাহায্য করবে যা নিউ ইয়র্কবাসীদের নিদারুণ প্রয়োজন: আমাদের ট্রেনে শত শত অতিরিক্ত কৌশলগতভাবে নিযুক্ত অফিসারের সংযোজন এবং মারাত্মক মানসিক অসুস্থতায় ভুগতে থাকা ব্যক্তিদের সাহায্য করা যাতে তারা সাবওয়ে সিস্টেম থেকে বের হয়ে আসার একটি উপায় পেতে পারে। আমাদেরকে অবশ্যই নিরাপত্তার বোধ ও বাস্তবতা উভয় ব্যাপারে কাজ করতে হবে, এবং আমরা আজকে গভর্নর হোকলের সাথে যেই বিস্তৃত অংশীদারিত্ব ঘোষণা করেছি তা ঠিক তাই করবে, এবং একইসাথে আমাদের সাবওয়ে নিরাপত্তা পরিকল্পনার (Subway Safety Plan) সাফল্যসমূহকে অগ্রসর করবে। মোট কথা হলো যাত্রীরা সিস্টেমে আরো বেশি অফিসার দেখবে, এবং তারাও দেখবে যারা আইন ভাঙ্গার ব্যাপারে চিন্তা করছিলো। নিউ ইয়র্কবাসীর পক্ষে, আমরা এই স্টেট বিনিয়োগের জন্য কৃতজ্ঞ যা আমাদের সাবওয়েকে নিরাপদতর করবে।"

মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের পুলিশ বিভাগ এবং নিউ ইয়র্ক সিটির পুলিশ বিভাগ বিশেষভাবে একত্রে কাজ করবে পুরো সিস্টেমজুড়ে কৌশলগতভাবে আরো অফিসার নিযুক্ত করার জন্য এবং প্ল্যাটফর্মে ও ট্রেনে তাদের উপস্থিতি বৃদ্ধি করার জন্য, যা মেয়র অ্যাডামস তার সাবওয়ে নিরাপত্তা পরিকল্পনা প্রকাশ করার পর গত আট মাসে যেই অগ্রগতি হয়েছে তা আরো অগ্রসর করবে।

MTA পুলিশ সাবওয়ে সিস্টেমের চারটি প্রধান কমিউটার রেলরোড হাবে নিযুক্ত হতে যাচ্ছে, পেন স্টেশন, গ্র্যান্ড সেন্ট্রাল স্টেশন, আটলান্টিক টার্মিনাল এবং সাটফিন-আর্চার (জ্যামাইকা) স্টেশন। এই পদক্ষেপের ফলে প্রায় 100 জন NYPD অফিসারকে ট্রেনে ও স্টেশনের অন্যান্য অগ্রাধিকার পাওয়া ট্রানজিট অবস্থানে নিযুক্ত করার জন্য মুক্ত করা যাবে, যার ফলে যাত্রী এবং যারা অপরাধ করার চেষ্টা করছে তারা ট্রানজিট সিস্টেমে সর্বদা অফিসারদের উপস্থিতি দেখতে পারবে।

এছাড়াও, MTA প্রতিটি সাবওয়ে কারে ক্যামেরা স্থাপন করতে থাকবে, যার ফলে নিরাপত্তার আওতা উন্নত হবে এবং যাত্রীদের আত্মবিশ্বাস বৃদ্ধি পাবে, এবং একইসাথে ট্রেনের কন্ডাক্টররা স্টেশনে প্রবেশের সময় যাত্রীদের কাছে পুলিশ অফিসারের উপস্থিতি ঘোষণা করবে।

সাবওয়ে সিস্টেমে আশ্রয় নেওয়া এবং যারা মারাত্মক মানসিক অসুস্থতায় ভুগছে এমন গৃহহীন জনগোষ্ঠীর সমস্যা সমাধান করতে, এবং একইসাথে গভর্নর হোকলের নিরাপদ বিকল্প সমর্থন (Safe Options Support, SOS) সঙ্কট হস্তক্ষেপ দল নিযুক্ত করার পর থেকে হওয়া সাফল্যকে অগ্রসর করতে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসকে (New York State Office of Mental Health, OMH) নির্দেশ দিয়েছেন দুইটি নতুন, নিবেদিত, 25-শয্যার ইউনিট গঠন করার জন্য, যেখানে মোট 50টি ইনপেশেন্ট শয্যা থাকবে।

পাশাপাশি, OMH, MTA পুলিশ, NYPD, জরুরি মেডিকেল সেবা (Emergency Medical Services, EMS)/জরুরি মেডিকেল টেকনিশিয়ান (Emergency Medical Technicians, EMT) এর জন্য সঙ্কটে হস্তক্ষেপের প্রশিক্ষণ সম্প্রসারিত করবে, তাদেরকে গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের সাথে জড়িত হওয়ার সেরা অনুশীলন শেখাবে এবং নিশ্চিত করবে যাতে তারা মনোরোগ-সংক্রান্ত মূল্যায়নের প্রয়োজনে থাকা ব্যক্তিদের পরিবহনের ক্ষেত্রে সংবিধিবদ্ধ কর্তৃত্ব সম্পর্কে সম্পূর্ণ অবগত থাকে। বিস্তৃত এই উদ্যোগসমূহ সাবওয়ে নিরাপত্তা ও গৃহহীনতায় ভুগতে থাকা জনগোষ্ঠীর জন্য আউটরিচের ব্যাপারে স্টেট ও সিটির চলমান সহযোগের উপর ভিত্তি করে হচ্ছে। গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস এছাড়াও মারাত্মক মানসিক অসুস্থতায় ভুগতে থাকা ব্যক্তিদের সহায়তা প্রদান করার জন্য আইন জোরদার ও উন্নয়ন করার ব্যাপারে কাজ করার প্রতিজ্ঞা করেছেন।

MTA-র প্রধান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "আজকের ঘোষণা সম্ভব হয়েছে আমাদের সাবওয়ে সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করতে সিটি ও স্টেটের মধ্যকার অংশীদারিত্বের জন্য। সাবওয়ের যাত্রীসংখ্যা লেবার দিবসের পর থেকে বৃদ্ধি পেয়েছে, এবং আমরা বর্ধিত সংখ্যার ইউনিফর্ম পরিহিত অফিসার নিয়োগ করে, প্রতিটি সাবওয়ে কারে ক্যামেরা স্থাপন করে, এবং জীবনযাত্রার মান সংক্রান্ত ব্যাপারে আরো উন্নতি করার মাধ্যমে যাত্রীদের আত্মবিশ্বাস বৃদ্ধি করতে মনোযোগী আছি। MTA গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের প্রতি সাবওয়ের জন্য তাদের নেতৃত্ব এবং প্রতিশ্রুতির জন্য কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগের কমিশনার কিশ্যান্ট এল. সিওয়েল বলেন, "NYPD এবং MTA আমাদের সাবওয়ে ট্রেন ও স্টেশন ব্যবহারকারী সকলকে নিরাপদ রাখার জন্য চলমান কাজের গর্বিত অংশীদার। বিরামহীন সহযোগিতা, সর্বদা পুলিশের উপস্থিতি, এবং যাত্রী জনগণের সাথে সক্রিয় যোগাযোগের মাধ্যমে, আমরা আরো নিরাপদ একটি ট্রানজিট ব্যবস্থা, এবং আরো নিরাপদ একটি শহর নিশ্চিত করার আমাদের ক্ষমতাকে আরো গভীর করবো।"

মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন, "মানসিক অসুস্থতা নিয়ে বেঁচে থাকা নিউ ইয়র্কের সর্বাপেক্ষা দুঃস্থ জনগোষ্ঠীকে সহায়তা করার জন্য গভর্নর হোকলের সংকল্পের ফলে, OMH গৃহহীনতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার জন্য দুইটি অতি গুরুত্বপূর্ণ উদ্যোগ শুরু করতে যাচ্ছে। বাড়িতে স্থানান্তর ইনপেশেন্ট ইউনিটগুলি (Transition to Home Inpatient Units, THU) ব্যক্তিদের নিরাময় ভিত্তিক,ব্যক্তিকেন্দ্রিক চিকিৎসা প্রদান করবে যার লক্ষ্য হবে সম্প্রদায়ে একটি সমৃদ্ধ জীবন লাভ করা। পাশাপাশি, একটি নতুন *কমিউনিটি আবাসিক স্টেপ-ডাউন কর্মসূচি (Community Residential Step-Down Program)* তাদের জন্য উপলভ্য থাকবে যাদের সম্প্রদায়ে পুনরায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য আরো বেশি কাঠামো ও সমর্থন প্রয়োজন। এতে থাকবে নিবিড় নিরাময় সেবাসহ অর্ধ-স্বাধীন, স্বল্পকালীন আবাসন যা নকশা করা হয়েছে সফলভাবে আরো স্বাধীন অবস্থায় জীবনযাপনের জন্য প্রয়োজনীয় জীবন দক্ষতা শেখানোর জন্য। এই নতুন কর্মসূচিগুলি নিরাপদ বিকল্প সমর্থন দল দ্বারা লাভবান হবে যেগুলি ইতিমধ্যেই মানসিক অসুস্থতাসহ গৃহহীন ব্যক্তিদের সাথে সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছে।"

বর্ধিত MTA পুলিশ এবং NYPD অফিসারের উপস্থিতি

MTA পুলিশ বিভাগ এবং NYPD একত্রে কাজ করবে কৌশলগতভাবে আরো অফিসার নিযুক্ত করা এবং প্ল্যাটফর্ম ও ট্রেনে তাদের উপস্থিতি বৃদ্ধি করার জন্য, এক্ষেত্রে MTA পুলিশ চারটি প্রধান কমিউটার রেল হাব সংলগ্ন ও সংযুক্ত সাবওয়ে স্টেশনগুলিতে পুলিশের কাজের মূল দায়িত্ব গ্রহণ করবে সেখানে অফিসারদের প্লাটুন নিযুক্ত করার মাধ্যমে, এর ফলে অবিরত 24/7 উপস্থিতি প্রদান করব হবে, যার ফলে NYPD-র জন্য সাবওয়ে সিস্টেমজুড়ে আরো বাড়তি স্টেশনকে নিজেদের আওতায় আনা সম্ভব হবে। MTA পুলিশ বিভাগের প্রতিদিনের 60 জন অফিসারের কাজ হলো অতিরিক্ত 90 জন NYPDA অফিসারের কাজের সমতুল, যেহেতু দুইটি বিভাগের শিফটের ব্যাপ্তিতে তফাৎ রয়েছে।

অতিরিক্ত NYPD উপস্থিতি ও অতিরিক্ত সমর্থনের ফলে, NYPD ট্রানজিট ব্যবস্থায় পুলিশের উপস্থিতি নাটকীয়ভাবে বৃদ্ধি করবে প্রতিদিন আনুমানিক 1,200 ওভারটাইম শিফট দ্বারা, বা আনুমানিক 10,000 ওভারটাইম ঘণ্টা দ্বারা। অতিরিক্ত NYPD উপস্থিতি ও অতিরিক্ত সমর্থনের ফলে, NYPD ট্রানজিট ব্যবস্থায় পুলিশের উপস্থিতি নাটকীয়ভাবে বৃদ্ধি করবে প্রতিদিন আনুমানিক 1,200 ওভারটাইম শিফট দ্বারা, বা আনুমানিক 10,000 ওভারটাইম ঘণ্টা দ্বারা। অফিসারদের সংখ্যা বৃদ্ধি এছাড়াও নিবেদিত ট্রানজিট অফিসারদেরকে ব্যস্ততম সময়ে প্রতিদিন শত শত অতিরিক্ত ট্রেনে যাত্রা করতে দিবে। এছাড়াও টার্নস্টাইলে অফিসারের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে যার ফলে আইন প্রয়োগ ও ভাড়া ফাঁকি দেওয়া ঠেকানো যাবে। সম্মিলিতভাবে, সাবওয়েতে সর্বদাই অফিসারদের উপস্থিতি জননিরাপত্তা বৃদ্ধি করবে এবং যারা অপরাধ করার চিন্তা করছে তাদের ঠেকাবে।

এছাড়াও MTA বিশেষ বিশেষ সাবওয়ে স্টেশনে সিকিউরিটি গার্ড (গেট গার্ড) নিযুক্ত করবে যাতে নিরাপত্তা বাহিনীর উপস্থিতি বৃদ্ধি করা যায়, এবং যারা আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর "চোখ ও কান" হিসেবে কাজ করতে পারবে, এবং ভাড়া ফাঁকি দেওয়া ঠেকাতে পারবে।

নতুন OMH বাড়িতে স্থানান্তর ইউনিট

গভর্নর হোকল OMH-কে নির্দেশ দিয়েছেন দুইটি নতুন বাড়িতে স্থানান্তর ইউনিট শুরু করার জন্য, এটি সড়ক ও সাবওয়েতে গৃহহীনতায় ভুগতে থাকা মারাত্মক মানসিক অসুস্থতা ও দুর্বল সম্প্রদায়ের মেয়াদসহ রোগীদের জন্য একটি নতুন চিকিৎসা কর্মসূচি, যারা OMH সাইকোফার্মাকোলজিক্যাল সেবার গুণসম্পন্ন কেন্দ্রের নিরাময়ভিত্তিক, ব্যক্তিকেন্দ্রিক চিকিৎসা দ্বারা উপকৃত হবে।

এই নতুন কর্মসূচিটিতে থাকবে দুইটি নতুন 25-শয্যার ইনপেশেন্ট ইউনিট, যার প্রথমটি 1 নভেম্বরের মধ্যে ম্যানহাটন সাইকিয়াট্রিক সেন্টারে (Manhattan Psychiatric Center, MPC) খোলা হবে। OMH ডাউনস্টেট মনোরোগ-সংক্রান্ত হাসপাতালগুলির ধারণক্ষমতা যাচাই করে দেখছে এবং আগামী বছরের শুরুর দিকে দ্বিতীয় একটি ইউনিট খুলবে। উভয় ইউনিট 18 বা তার বেশি বয়সের মারাত্মক মানসিক অসুস্থতায় ভুগতে থাকা ব্যক্তিদের সেবাদান করবে যারা গৃহহীন, এবং MPC রেফার করা হাসপাতালগুলির সাথে অংশীদারিত্ব করবে মেডিক্যালি স্থিতিশীল করা প্রয়োজন এমন রোগীদের ভর্তির ব্যাপারে। THU গুলি সীমিত সংখ্যক নিউ ইয়র্ক সিটি হাসপাতাল (New York City Hospitals) এবং তাদের সার্বিক মনোরোগ-সংক্রান্ত জরুরি কর্মসূচি

(Comprehensive Psychiatric Emergency Programs, CPEP) থেকে রেফারেল গ্রহণ করবে এবং রেফার করা ফ্যাসিলিটির সংখ্যা বৃদ্ধি করতে থাকবে।

THU গুলি গঠিত হবে মাল্টিডিসিপ্লিনারি ডাক্তার, নার্স, সামাজিক কর্মী, অকুপেশনাল থেরাপিস্ট, এবং অন্যান্য ক্লিনিক্যাল ও নন-ক্লিনিক্যাল কর্মীদের দল দিয়ে এবং এরা নিরাময়কেন্দ্রিক চিকিৎসা প্রদান করবে। THU গুলির প্রোগ্রাম্যাটিক মডেলে অন্তর্ভুক্ত থাকবে জীবন ব্যবস্থাপনা দক্ষতার উপর নিবিড় মনোযোগ যা সম্প্রদায়ে ডিসচার্জ করতে সাহায্য করবে, সেই কার্যকরী দক্ষতা অর্জনে সহায়তা করবে, এবং OMH-র ভেতরে ও বাইরে এজেন্সিসমূহের সাথে কাজ করবে মানসিক স্বাস্থ্য সেবায় জড়িত হওয়াকে উন্নত করার জন্য।

THU রোগীদের সম্প্রদায়ে ফেরত পাঠানোর জন্য চিকিৎসা পরিকল্পনা প্রক্রিয়ার রূপান্তরে থাকবে প্রত্যেক ব্যক্তির জন্য একটি স্বতন্ত্র মূল্যায়ন যা সম্প্রদায়ে স্থিতিশীলতা অর্জনের জন্য প্রয়োজনীয় সেবা নির্ণয় করবে। সেবার একটি বিস্তৃতি উপলভ্য থাকবে সফলভাবে সম্প্রদায়ে অন্তর্ভুক্তিকরণকে সমর্থন করার জন্য।

নতুন উদ্যোগের একটি অংশ হিসেবে, OMH একটি কমিউনিটি আবাসিক স্টেপ-ডাউন কর্মসূচি বিকাশ করবে যাতে THU থেকে সরাসরি ডিসচার্জ হওয়া ব্যক্তিদের জন্য একটি ক্রান্তিকালীন স্থান প্রদান করা যায়। এই স্বল্পকালীন আবাসিক কর্মসূচিতে থাকবে চারটি অবস্থানে 15টি করে ইউনিট নিয়ে মোট 60টি ক্রান্তিকালীন শয্যা এবং এটি সেবার প্রাপকদের আরো স্বাধীন আবাসন ব্যবস্থায় বসবাস করার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনের একটি সুযোগ প্রদান করবে। এছাড়াও ব্যক্তিরা দীর্ঘমেয়াদি সাফল্য নিশ্চিত করার জন্য ভাতা অর্জনের ক্ষেত্রে সমর্থন পাবে।

স্টেপ-ডাউন কর্মসূচির ব্যক্তিদেরকে নিরাপদ বিকল্প সমর্থন, অ্যাসার্টিভ কমিউনিটি চিকিৎসা (Assertive Community Treatment), এবং নিবিড় মোবাইল চিকিৎসা (Intensive Mobile Treatment) দলের সাথে যুক্ত করে দেওয়া হবে যাতে তাদের সম্প্রদায়ে ফেরত যাওয়াকে এবং 120 বা তার কম দিনের মধ্যে স্থায়ী সমর্থক আবাসনে বাস করাকে সমর্থন করা যায়।

আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও প্রথম সাড়াদানকারীদের জন্য উন্নত প্রশিক্ষণ
OMH আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও প্রথম সাড়াদানকারীদের জন্য আইন প্রয়োগের প্রশিক্ষণের ক্ষেত্রে মৌলিক সঙ্কটে হস্তক্ষেপের দক্ষতার প্রশিক্ষণ প্রদান করে। স্টেট এর প্রশিক্ষণকে বিস্তৃত করবে MTA পুলিশ, NYPD, এবং EMS/EMT-কে হাসপাতাল ও CPEPসমূহে মনোরোগ-সংক্রান্ত মূল্যায়নের প্রয়োজন আছে এমন ব্যক্তিদের পরিবহন করার জন্য সংবিধিবদ্ধ কর্তৃত্ব সম্পর্কে অবহিত করার জন্য। এই প্রশিক্ষণে এছাড়াও মানসিক অসুস্থতায় ভুগতে থাকা সড়কের জনগোষ্ঠীর সাথে কীভাবে জড়িত হতে হয় সেই সম্পর্কে সেরা অনুশীলন অন্তর্ভুক্ত করা হবে।

পুলিশের উপস্থিতি নিয়ে কন্ডাক্টরের ঘোষণা
অনবোর্ড সাবওয়ে ঘোষণা হলো আরেকটি হাতিয়ার যা অপরাধ ঠেকাতে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রয়োজন থাকা গ্রাহকদের সহায়তা করার জন্য MTA ও NYPD একত্রে ব্যবহার করছে। পুলিশের উপলভ্যতা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে, স্টেশন ও প্ল্যাটফর্মে

উপস্থিত থাকলে, অফিসারেরা ট্রেনের কন্ডাক্টরের সাথে যোগাযোগ করে নিজেদের উপস্থিতি ঘোষণা করবে।

সাবওয়ে ক্যামেরা স্থাপন

MTA সিস্টেমের মধ্যে ক্যামেরা অপরাধ সংঘটনকারীদের সনাক্ত করতে ও তাদের আইনের আওতায় আনতে অতি মূল্যবান তা প্রমাণিত হয়েছে। এখন পর্যন্ত, গভর্নর হোকলের সাম্প্রতিক ঘোষণা অনুযায়ী, MTA আরো 6,500-র বেশি সাবওয়ে কারের ভেতরকে ক্যামেরার আওতাধীন করছে, যেখানে থাকবে প্রতি মাসে 750টি ক্যামেরা হরে সাবওয়ে কারে ক্যামেরা স্থাপন করা, যা একটি সংগ্রহ প্রক্রিয়া শেষ করার অনুবর্তী হবে, এটি চলবে 2024 সালের শেষ পর্যন্ত সম্পূর্ণ সাবওয়ে কার ফ্লিটে ক্যামেরা স্থাপন করার আগ পর্যন্ত। এর পূর্বে, সামনের দিনগুলিতে সাবওয়ে কারসমূহে বর্তমানে হাতে থাকা 100টি ক্যামেরা স্থাপন করা হবে। MTA এবং NYPD সাবওয়ে সিস্টেমে ক্যামেরা পাওয়ার তাৎক্ষণিক সুযোগ নিশ্চিত করতে হাতে হাত মিলিয়ে কাজ করে যাবে।

নিরাপদ বিকল্প সমর্থন দল

এর আগে এই বছরে গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস ঘোষণা করেন যে OMH নিরাপদ বিকল্প সমর্থন দল গঠন করবে এবং তাদের নিউ ইয়র্ক সিটিতে নিযুক্ত করবে। SOS দল গঠিত হবে প্রশিক্ষিত মানসিক স্বাস্থ্য পেশাদারদের দ্বারা যারা নিউ ইয়র্ক সিটি চালিত আউটরিচ দলের সাথে সমন্বয় করে দীর্ঘস্থায়ী সড়কে গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের সাথে জড়িত হয়ে তাদের সহায়তা করবে। দলগুলি ব্যক্তিদের অতি গুরুত্বপূর্ণ সমর্থক সেবার সাথে যুক্ত করে দেয় এবং জরুরি বা সমর্থক আবাসন কর্মসূচিতে তাদের স্থান নিশ্চিত করতে সাহায্য করে। এপ্রিলে কাজ শুরু করার পর থেকে, এই দলগুলি 410 জন ব্যক্তিকে এমন সেবায় ভর্তি করিয়ে দিয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418